

সুনান আত তিরমিজী (ইসলামিক ফাউন্ডেশন)

হাদিস নাম্বারঃ ১১৭২

১২/ শিশুদের দুগ্ধপান (১ الرضاع)

পরিচ্ছেদঃ অনুপস্থিত স্বামীর স্ত্রীর কাছে যাওয়া নিষেধ।

باب مَا جَاءَ فِي كَرَاهِيَةِ الدُّخُولِ عَلَى الْمُغِيبَاتِ

আরবী

حَدَّثَنَا قُتَيْبَةُ، حَدَّثَنَا اللَّيْثُ، عَنْ يَزِيدَ بْنِ أَبِي حَبِيبٍ، عَنْ أَبِي الْخَيْرِ، عَنْ عُقْبَةَ بْنِ عَامِرٍ، وَسُولَ اللَّهِ صلى الله عليه وسلم قَالَ " إِيَّاكُمْ وَالدُّخُولَ عَلَى النِسَاءِ ". فَقَالَ رَجُلُ أَنَّ رَسُولَ اللَّهِ طَفَى النِسَاءِ ". فَقَالَ رَجُلُ مِنَ الأَنْصَارِ يَا رَسُولَ اللَّهِ أَفَرَأَيْتَ الْحَمْوَ قَالَ " الْحَمْوُ الْمَوْتُ ". قَالَ وَفِي الْبَابِ عَنْ عُمْرَ وَجَابِرٍ وَعَمْرِو بْنِ الْعَاصِ . قَالَ أَبُو عِيسَى حَدِيثُ عُقْبَةَ بْنِ عَامِرٍ حَدِيثُ حَسَنُ عَمْرَ وَجَابِرٍ وَعَمْرِو بْنِ الْعَاصِ . قَالَ أَبُو عِيسَى حَدِيثُ عُقْبَةَ بْنِ عَامِرٍ حَدِيثُ حَسَنُ صَحَدِيثُ . وَإِنَّمَا مَعْنَى كَرَاهِيَةِ الدُّخُولِ عَلَى النِسَاءِ عَلَى نَحْوِ مَا رُويَ عَنِ النَّبِيِ صلى صَحِيحُ . وَإِنَّمَا مَعْنَى كَرَاهِيَةِ الدُّخُولِ عَلَى النِسَاءِ عَلَى نَحْوِ مَا رُويَ عَنِ النَّبِي صلى الله عليه وسلم قَالَ " لاَ يَخْلُونَ وَ رَجُلُ بِامْرَأَةٍ إِلاَّ كَانَ ثَالِتَهُمَا الشَّيْطَانُ " . وَمَعْنَى قَوْلِهِ " الْحَمْوُ " . يُقَالُ هُو أَخُو الزَّوْجِ كَأَنَّهُ كَرِهَ لَهُ أَنْ يَخْلُو بِهَا .

বাংলা

১১৭২. কুতায়বা (রহঃ) উকবা ইবনু আমির রাদিয়াল্লাহু আনহু থেকে বর্ণিত যে, রাসূলুল্লাহ্ (সা.) বলেছেন, তোমরা স্ত্রীলোকদের কাছে যাওয়া থেকে বেচে থাকবে। তখন জনৈক আনসার বললেন, দেবর সম্পর্কে কি মনে করেন? তিনি বললেন, দেবর তো মওত (মৃত্যুকে যেমন ভয় করা হয় দেবরের সম্পর্কও তেমনি ভয় পাওয়া উচিত।)। - গায়াতুল মারাম ১৮১, বুখারি, মুসলিম, তিরমিজী হাদিস নম্বরঃ ১১৭১ [আল মাদানী প্রকাশনী]

এই বিষয়ে উমার, জাবির, আমর ইবনুল আস রাদিয়াল্লাহু আনহু থেকেও হাদীস বর্ণিত আছে। ইমাম আবূ ঈসা (রহঃ) বলেন, উকবা ইবনু আমির রাদিয়াল্লাহু আনহু বর্ণিত হাদীসটি হাসান-সাহীহ। স্ত্রীলোকদের কাছে যাওয়া নিষিদ্ধ হওয়ার অর্থ এই হাদীসের অনুরূপ যে, নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম থেকে বর্ণিত আছে যে, তিনি বলেছেন, কোন পুরুষ যখন কোন স্ত্রীলোকের সঙ্গে নির্জনে সাক্ষাৎ করে তখন এদের সঙ্গে অবশ্যই তৃতীয় জন থাকে শয়তান। الْكُمُولُ؛ অর্থ স্বামীর ভাই, দেবর। এই বাক্যটির মাধ্যমে নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম দেবরের সঙ্গেও একাকী হতে নিষেধ করেছেন।

English



Uqbah bin Amir narrated that The Messenger of Allah said: "Beware of entering upon women." So a man from the Ansar said: "O Messenger of Allah! What do you think about Hamu? So he said: "The Hamu is death."

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ ইসলামিক ফাউন্ডেশন 🛘 বর্ণনাকারীঃ উকবাহ ইবনু আমির (রাঃ)

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন